

22

৩

কৃষি শিক্ষায়তনের আধুনিকায়ন

কৃষিমন্ত্রী সরদার আমজাদ হোসেন জানিয়েছেন, কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকার কৃষি কলেজগুলোর আধুনিকায়ন ও সম্প্রসারণের উপর যথাযথ গুরুত্ব দিয়েছেন। সরকারের এই সিদ্ধান্ত নিঃসন্দেহে সময়োচিত এবং আমাদের কৃষিখাতের উন্নয়নের জন্য তাৎপর্যপূর্ণ।

আমাদের দেশ কৃষিভিত্তিক দেশ। আমাদের অর্থনীতি বহলাংশে কৃষি- নির্ভর। অন্যতম কৃষিপণ্য পাট আজও আমাদের রফতানী বাণিজ্যের প্রধান স্তম্ভ। দেশে শিল্পায়ন হয়েছে বটে কিন্তু তা এখন পর্যন্ত আমাদের অর্থনৈতিক অগ্রগতিতে ব্যাপক অবদান রাখতে পারে নাই।

এ কারণে সরকার এখন পর্যন্ত কৃষিখাতকেই অধিকতর গুরুত্বদান করে আসছেন এবং এই খাতের উন্নয়নের জন্য সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণ করেছেন। কৃষিখাতে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান করেছেন এবং সেগুলো প্রয়োজনে সম্প্রসারণের ব্যবস্থাও করেছেন।

কৃষি উন্নয়নের জন্য অন্যতম প্রয়োজন হল কৃষি সংক্রান্ত জ্ঞান-প্রকৃতপক্ষে কৃষি সংক্রান্ত উচ্চতর শিক্ষা ও গবেষণা। একদিকে কৃষির উৎপাদন বৃদ্ধিতে ও অন্যদিকে কৃষির সমস্যা সমাধানের ব্যাপারে কৃষি সংক্রান্ত উচ্চতর শিক্ষা ও গবেষণা অপরিহার্য।

এই কারণে সরকার দেশে কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন, কৃষি কলেজ স্থাপন করেছেন এবং কৃষি সংক্রান্ত একাধিক গবেষণাগার প্রতিষ্ঠা করেছেন। সেখান থেকে যারা শিক্ষা গ্রহণ করে বেরিয়ে আসছেন তারা একদিকে যেমন হাতে-কন্ডমে চাষীদের আধুনিক ও উন্নততর চাষাবাদ পদ্ধতি শেখাতে পারছেন অন্যদিক দ্বারা গবেষণা চালিয়ে উৎপাদন বৃদ্ধির জন্য নতুন নতুন পদ্ধতি আবিষ্কার করছেন। এর ফলে কৃষিক্ষেত্রে অগ্রগতি সাধিত হচ্ছে। তবে আমাদের দেশে কৃষি সংক্রান্ত শিক্ষার সুযোগ এখন পর্যন্ত তেমন সম্প্রসারিত হয় নাই। গুটিকয়েক শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে মাত্র এর জন্য। দেশের উত্তরাঞ্চলে তো আদৌ কোন কৃষি কলেজ ছিল না। প্রেসিডেন্ট এরশাদ ১৯৮৮ সালে দিনাজপুরে কৃষি কলেজ প্রতিষ্ঠা করেছেন। ইতিমধ্যেই সেখানে শিক্ষাদান কার্যক্রম শুরু হয়েছে।

অন্যান্য বিজ্ঞানের মত বর্তমান যুগে কৃষিবিজ্ঞানেরও বিশ্বয়কর অগ্রগতি সাধিত হয়েছে। তাতে যুক্ত হচ্ছে নতুন নতুন প্রযুক্তি। উদ্ভাবিত হচ্ছে নতুন যন্ত্রপাতি—পাওয়া যাচ্ছে নতুন তথ্য। আমাদেরও এখন কৃষিবিজ্ঞানের সেই সর্বশেষ সুযোগ-সুবিধাসমূহ গ্রহণ করতে হবে। অধ্যয়ন করতে হবে আধুনিক কৃষিবিজ্ঞানের। এর জন্য প্রয়োজন কৃষি কলেজ ও কৃষি বিশ্ববিদ্যালয় ও অনুরূপ অন্যান্য প্রতিষ্ঠানের আধুনিকায়নের। এই জন্যই সরকার কৃষি কলেজগুলোর আধুনিকায়নের উপর গুরুত্ব আরোপ করেছেন। এ ব্যাপারে গৃহীত সরকারী সিদ্ধান্ত যত শীঘ্র সম্ভব বাস্তবায়িত হবে।